গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পত্নীতলা,নওগাঁ।

স্মারক নং-৩১.৪৩.৬৪৫০.১০০.০৬.০০৯.২৩- ৪৫৩

তারিখ- ২২ চৈত্র/১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল/২০২৩ খ্রিস্টাব্দ

২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি- ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় (সায়রাত-১ অধিশাখা) এর ১৪/০৩/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-২৭৪ নং স্মারকে প্রকাশিত পরিপত্র অনুযায়ী পত্নীতলা উপজেলাধীন তালিকায় বর্ণিত ২০(বিশ) একর পর্যন্ত অনলাইন প্রক্রিয়ায় অ-ইজারাকৃত জলমহালসমূহ ১৪৩০-১৪৩২ বাংলা সন মেয়াদে ম্যানুয়ালি ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র /আবেদন আহ্বান করা যাচ্ছে।প্রতিটি আবেদনের মূল্য ৫০০/-(অফেরতযোগ্য) এর মাধ্যমে সিডিউল ক্রয় করা যাবে। আবেদন গ্রহণ ও দাখিলের নিয়মাবলী সম্বলিত ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,পত্নীতলা,নওগাঁ এবং উপজেলা ভূমি অফিস, পত্নীতলা,নওগাঁ এর কার্যালয়ে নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী ক্রয় ও দাখিল করা যাবে। নির্ধারিত তারিখে প্রাপ্ত আবেদনসমূহ আবেদনকারীর সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। জলমহাল ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, পত্নীতলা,নওগাঁ এর কার্যালয় থেকে জানা যাবে।

দরপত্র সিডিউল ক্রয়,দরপত্র দাখিল এবং খোলার তারিখ ও সময়সূচি

| পর্যায় | আবেদন ক্রয়ের তারিখ | আবেদন দাখিলের তারিখ | আবেদন খোলার তারিখ ও সময় | আবেদনপত্র খোলার স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২য় | ০৯/০৪/২৩ তারিখ থেকে ১০/০৪/২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ১১ /০৪/২৩ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১১ /০৪/২৩ তারিখ সময়-বেলা ৩.০০ টা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,পত্নীতলা,নওগাঁ | ২য় পর্যায়ে শুধুমাত্র বৈধ প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি আবেদন করতে পারবে। |

০৫/০৪/২৩

(মোছাঃ রুমানা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
পত্নীতলা,নওগাঁ।

শর্তাবলীঃ

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

০২. প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমাজসেবা/যুব অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারা নির্ধারিত ফরমে আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

০৩. সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্য নির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের জন্য যোগ্য হবেন না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা পাবে না।

০৫. ইজারার মেয়াদ বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে। উপরে বর্ণিত যে কোন পর্যায়ে কোন জলমহালের অনুকূলে প্রাপ্ত কোন দর সন্তোষজনক হলে পরবর্তী পর্যায়ে সে জলমহালের জন্য আর কোন সিডিউল বিক্রি করা হবে না। নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষনা করা হয় তবে পরদিন হতে দরপত্র বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

০৬. দরপত্রের সাথে ০৩ (তিন) বছরের রেট মূল্যের ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। প্রত্যেক দরদাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা যাবে।

০৭. সর্বোচ্চ দরপত্র গৃহীত হওয়ায় ০৭ (সাত) দিনের মধ্যে প্রথম বছরের সমুদয় ইজারামূল্য ও অন্যান্য সরকারি পাওনা পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং উক্ত জলমহালটি পুনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেওয়া হবে।

০৮. ০৩ (তিন) বছর মেয়াদী জলমহালের ইজারামূল্য বাংলা বছর ভিত্তিক পরিশোধ করতে হবে। যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৯. টেন্ডারে গৃহীত মূল্য অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিন পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে।

১০. ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭(সাত) দিনের মধ্যে দরপত্রদাতাকে নিজ দায়িত্বে ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপিসহ ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১১. কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২. ইজারাগ্রহীতা কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারাগ্রহীতা/সমিতি পরবর্তী
বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত কোন টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না।
১৩. কোন ব্যক্তি বা সমিতি জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের (টেন্ডারে অংশগ্রহণকারী সংক্ষুব্ধ সমিতি/ব্যক্তি যদি জামানত ফেরত না নিয়ে
থাকেন) ০৭ দিনের মধ্যে জেলা প্রশাসক, নওগাঁ এঁর নিকট আপিল দায়ের করতে পারবেন।
১৪. দরপত্র গৃহীত হলে দরপত্রদাতাকে মূল ইজারা অর্থ (১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে), ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট (০১-১১৩৩-০০২০-
০৩১১ নং কোডে) এবং ১০% আয়কর (০১-১১৪১-০০৬০-০১১১ নং কোডে) চালানের মাধ্যমে জমা প্রদান করে কপি দাখিল করতে হবে।
১৫. সায়রাত মহাল ইজারার ক্ষেত্রে সময়ে সময়ে জারিকৃত সরকারি নীতিমালা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।
১৬. ইজারা প্রদান বিলম্বের দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারি ভাবে প্রদেয় হবে না দরপত্রের খামে সায়রাত মহালের নাম ও ক্রমিক নং
উল্লেখ করতে হবে।
১৭. দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ বরাবর দাখিল করতে হবে।
১৮. মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন এবং সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাগ্রহীতাদের জন্য মেনে চলা বাধ্যতামূলক।
১৯. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫ এর (১) অনুচ্ছেদ অনুযায়ী মৎস্যজীবী সমিতিটি কার্যকর আছে কি-না এবং সমিতির
বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

২০. ইজারাকৃত জলমহালের ইজারা অর্থ আদায় নিশ্চিত করণের স্বার্থে ইজারাগ্রহীতাকে ইজারামূল্যের সমুদয় অর্থ এককালীন পরিশোধ করতে হবে।

২১. জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর শর্ত, অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত জারিকৃত প্রজ্ঞাপনের শর্ত ও জলমহাল ইজারা সংক্রান্ত শর্ত যা এখানে উল্লেখিত হয় নাই তাহাও এই ইজারার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২২. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোছাঃ রুমানা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পত্নীতলা,নওগাঁ।